# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 17.03.24 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) নির্বাচনী নির্ঘন্ট প্রকাশের পরই রাজ্যজুড়ে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান।

২) বিরোধীরা প্রার্থী তালিকা চূড়ান্ত করতে না পারায় তীব্র কটাক্ষ রাজ্যের শাসক দলের।

তৃণমূল কংগ্রেস নির্বাচনের আগে মানুষকে ভীত সন্ত্রস্ত করার চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩) সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহানের ভাই সহ ধৃত তিনজনের ৫ দিনের সিবিআই হেফাজত হয়েছে।

৪) বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে এপর্যন্ত ১২ হাজার সম্পত্তি নথিভুক্ত হয়েছে ।

৫) দক্ষিণবঙ্গে আগামী বুধবার পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। বইতে পারে ঝোড়ো হাওয়া।

oooooooooooooooooooo

নির্বাচনী নির্ঘন্ট প্রকাশের পরই জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান। বাঁকুড়া লোকসভা কেন্দ্রে ধলডাঙা মোড়ে চায়েপে চর্চা সারেন বিজেপি প্রার্থী ডক্টর সুভাষ সরকার। তিনি বলেন ২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চায়েপে চর্চা শুরু করেছিলেন, তা মানুষের মধ্যে ব্যাপক সাড়া ফেলে। তাই জনসংযোগের মাধ্যম হিসেবে চা-কে তিনি বেছে নিয়েছেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রার্থী অরূপ চক্রবর্তী শহরের সার্কিট হাউস মোড়ে চায়ের আড্ডায় বসেন।

মালদায় দলীয় প্রর্থীদের সমর্থনে এদিন কর্মী সভায় অংশ নেন রাজ্যের মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। তিনি বলেন, বিজেপি সরকার সি এ এ চালু করে দেশের মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করতে চাইছে।

(বাইট)

সাংবাদিক সম্মেলনে তিনি প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরীর কড়া সমালোচনা করেন।

বালুরঘাটে প্রচারে অংশ নেন রাজ্য বিজেপি সভাপতি সাংসদ সুকান্ত মজুমদার। জনসংযোগ সারেন তৃণমূল কংগ্রেস প্রার্থী শিখা মিত্র। হুগলীতে মন্দিরে পুজো দিয়ে প্রচারে অংশ নেন তৃণমূল কংগ্রেস প্রার্থী রচনা বন্দ্যোপাধ্যায়। ঘাটালেও এদিনে বরিবারের প্রচার চালাচ্ছেন বিজেপি প্রার্থী হিরন্ময় চ্যাটার্জী হিরণ।

ooooooooooooooo

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য কলকাতা দক্ষিণ সংসদীয় ক্ষেত্রে নির্বাচনের প্রস্তুতি সম্পূর্ণ। আলিপুর সার্ভে বিল্ডিং-এ আজ এক সাংবাদিক বৈঠকে

জেলা নির্বাচনী আধিকারিক রোশমি কমল বলেন, পর্যাপ্ত বাহিনী মোতায়েন রাখা হবে।

উল্লেখ্য কলকাতা দক্ষিণ লোকসভা কেন্দ্রে সপ্তম দফায় আগামী পয়লা জুন ভোটগ্রহণ।

oooooooooooooooooo

নির্বাচনে কালো টাকার ব্যবহার রুখতে মালদার চারটি বিধানসভা কেন্দ্রকে চিহ্নিত করেছে নির্বাচন কমিশন। নির্বাচনের দিনক্ষণ ঘোষণার পর জেলা প্রশাসনিকভবনে এক সাংবাদিক বৈঠক করেন জেলাশাসক নীতিন সিংঘানিয়া। দক্ষিণ মালদা লোকসভা কেন্দ্রের অন্তর্গত ইংরেজবাজার, মোথাবাড়ি, সুজাপুর এবং ফারাক্কা – এই চারটি বিধানসভা কেন্দ্রে কালো টাকার ব্যবহার রুখতে বিশেষ তদারকি চালাবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলি।

ooooooooooooooooooooooooo

নির্বাচনী বন্ড থেকে বিজেপি, তৃণমূল কংগ্রেস, কংগ্রেস সহ সমস্ত দল তহবিল পেলেও একমাত্র সি পি আই এম কোন রকম অর্থ নেয়নি বলে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি সবটি রাজনৈতিক দলকেই তীব্র কটাক্ষ করেন।

(বাইট)

এদিকে, রাজ্যের আরও একটি লোকসভা আসনে আজ প্রার্থীর নাম ঘোষণা করেছে বামফ্রন্ট। আলিপুরদুয়ার তপশিলী উপজাতি আসনে মিলি ওঁরাও আর এস পি-র প্রার্থী হচ্ছেন।

প্রার্থী তালিকা নিয়ে রাজ্যের বিরোধী দলগুলিকে কটাক্ষ করেছে রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস। আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যের মন্ত্রী ব্রাত্য বসু বলেন,

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০

১০০ দিনের কাজ এবং আবাস যোজনায় কেন্দ্রের বঞ্চনা প্রসঙ্গে ফের বিজেপিকে জনসমক্ষে বিতর্কে বসার জন্য আহ্বান জানিয়েছেন তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেস ভবনে আজ সাংবাদিক সম্মেলনে ব্রাত্য বসু, চন্দ্রিমা ভট্টাচার্যরা কেন্দ্রের বঞ্চনার অভিযোগ তুলে বিজেপি নেতাদের অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বিতর্কে বসার আহ্বান জানান। তাঁরা বলেন, বিজেপির রাজ্য সভাপতি এবং বালুরঘাটের বিজেপির বিদায়ী সাংসদ সুকান্ত মজুমদার বা বিজেপির শীর্ষ নেতৃত্বের কেউ অভিষেকে বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে জনসমক্ষে বিতর্কে বসুন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন ঘোষণার পর থেকেই তৃণমূল কংগ্রেস মানুষকে ভীত ও সন্ত্রস্ত করার চেষ্টা চালাচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন, কার্যত ভয় পেয়ে শাসক দল পাহাড় থেকে সাগর সর্বত্র বিজেপি কর্মী,অনগ্রসর সম্প্রদায়ের মানুষকে ভয় দেখাচ্ছে।

(বাইট)

তৃণমূল কংগ্রেসের লোকসভা আসনের প্রার্থীরাও অশান্তি ছড়ানোর জন্য নানা ধরনের প্ররোচনামূলক বক্তব্য রাখছেন। মানুষ যাতে গণতন্ত্রের এই উৎসবে উৎসবের আবহেই ভোট দিতে পারে তা সুনিশ্চিত করতে বিজেপি বদ্ধপরিকর।

oooooooooooooooooo

নির্বাচন ঘোষণার পরেই দলবদল পুরুলিয়ায়। আজ তৃণমূল কংগ্রেস ছেড়ে বিজেপি-তে যোগ দিয়েছেন, জেলা তৃণমূল কংগ্রেসের সহ সভাপতি উত্তম বন্দ্যোপাধ্যায়। তার হাতে দলীয় পতাকা তুলে দেন পুরুলিয়ার বিজেপি প্রার্থী তথা রাজ্য সাধারণ সম্পাদক জ্যোতির্ময় সিং মাহাতো। ২-শোজনের বেশি তৃণমূল কর্মী এদিন বিজেপি-তে যোগ দিয়েছেন বলে তাঁর দাবি।

অন্যদিকে, পশ্চিমাঞ্চল উন্নয়ন দফতরের প্রতিমন্ত্রী সন্ধ্যারানী টুডুর হাত ধরে তৃণমূলে যোগ দিয়েছেন জেলা পরিষদের এক নির্দল সদস্য।

ooooooooooooooooooooo

বিধানসভায় সরকার পক্ষের উপমুখ্যসচেতক হচ্ছেন দেবাশিস কুমার। বরানগরের বিধায়ক তাপস রায় পদত্যাগ করায় ওই পদ শূন্য ছিল। তাঁর জায়গায় রাসবিহারী কেন্দ্রের বিধায়ক দেবাশীষ কুমারকে নিযুক্ত করা হবে বলে তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলের তরফে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতমধ্যেই অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে নতুন উপমুখ্যসচেতকের নাম প্রস্তাব আকারে পাঠানো হয়েছে। অধ্যক্ষের আনুষ্ঠানিক অনুমোদন পেলেই দেবাশীষ বাবু কাজ শুরু করবেন বলে জানা গেছে।

ooooooooooooooooo

সন্দেশখালিতে গত ৫ই জানুয়ারি, ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহানের ভাই শেখ আলমগীর সহ ধৃত তিনজনের পাঁচ দিনের সিবিআই হেফাজতের নির্দেশ দিয়েছে বসিরহাট মহকুমা আদালত। নিজাম প্যালেসে গতকাল দীর্ঘ ৯ ঘন্টা ম্যারাথন জিজ্ঞাসাবাদের পর আলমগীর এবং শাহজাহান ঘনিষ্ঠ মাফুজার মোল্লা ও সিরাজুল মোল্লাকে সিবিআই গ্রেপ্তার করে।

এদিকে, ইডির ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহান ঘনিষ্ঠ ব্যবসায়ী ফারুক পাইক এবং আরও দুজনকে আজ নিজাম প্যালেসে জিজ্ঞাসাবাদ করছে সিবিআই।

অন্যদিকে, সিবিআই আধিকারিকরা আজ মীনাখাঁয় শাজাহান ঘনিষ্ঠ বাপ্পা মন্ডলের ইটভাটায় গিয়ে তাকে না পেয়ে, কর্মীদের জিজ্ঞাসাবাদ করেন। রামপুরে আর এক ব্যাক্তির বাড়ি গিয়েও জেরা চলে।

এদিকে, বেড়মজুর দুনম্বর গ্রাম পঞ্চায়েতের প্রধান হাজী সিদ্দিক মোল্লা, তৃণমূল কংগ্রেস নেতা হাশেম মোল্লা ও জুলফিকার মোল্লার গ্রেপ্তারের দাবিতে আজ রামপুর বাজারে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। এলাকার মানুষদের জমি জবর দখল সহ নানা অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে।

০০০০০০০০০০০০০০০০০০

সন্দেশখালির বাসিন্দাদের অভিযোগ নিতে ন্যাজাট থানার আগারহাটি গ্রামপঞ্চায়েতের ছোটো বিটফুল এলাকায় আজও বিজেপির আইনজীবী সেলের তরফে বিশেষ অভিযোগ গ্রহন শিবিরের আয়োজন করা হয়। সেখানে আজও উপস্থিত ছিলেন দলের নেত্রী, আইনজীবী প্রিয়াঙ্কা টিবরেওয়াল। গ্রামবাসীদের কাছ থেকে অভিযোগ গ্রহণ করছেন আইনজীবীদের একটি দল ও নোটারি সদস্যরা।

দু-দিনে ২৮০-টি অভিযোগ জমা পড়েছে বলে জানা গেছে। চৌঠা এপ্রিলের মধ্যে সেগুলি কলকাতা হাইকোর্টে জমা দেওয়া হবে।

উল্লেখ্য গতকালও অনেকেই অভিযোগ গ্রহণ শিবিরে হাজির হয়ে তৃনমূল নেতা শাহজাহান ও তাঁর অনুগামীদের বিরুদ্ধে অভিযোগ জানান।

০০০০০০০০০০০০০০০০০০

ইংরেজি নতুন বছরের শুরু থেকে বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে জমি, বাড়ি-সহ সম্পত্তি নথিভুক্তির পরিষেবা চালু হওয়ার পর ওই উদ্যোগে বিপুল সাড়া মিলেছে। জানুয়ারি মাস থেকে বিএসকে-র মাধ্যমে প্রায় ১২,০০০ সম্পত্তির নথিভুক্ত হয়েছে। এই বাবদ ৩ কোটি টাকার বেশি রাজস্ব আদায় হয়েছে বলে অর্থ দফতর সূত্রে জানা গিয়েছে। এই সাফল্যে উৎসাহিত হয়ে জমি সম্পত্তি সংক্রান্ত আরেকটি পরিষেবা বাংলা সহায়তা কেন্দ্রে যুক্ত করা হচ্ছে। এখন ওই সব কেন্দ্র থেকেই পুরনো দলিলের তথ্য খুঁজতে পারবেন মানুষ।

বাংলা সহায়তা কেন্দ্রগুলিতে অন্যান্য পরিষেবার সঙ্গে রাজ্যের রেজিস্ট্রেশন ও স্ট্যাম্প রেভিনিউ বিভাগ যুক্ত হওয়ায় সেখানে আবদেনপত্র জমা করা, 'অ্যাসেসমেন্ট স্লিপ' বের করে স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন খরচ জমা দেওয়ার পরিষেবাও মিলছে।

০০০০০০০০০০০০০০

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক, সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট, NFDC এবং ন্যাশনাল ফিল্ম আর্কাইভ অফ ইন্ডিয়ার যৌথ উদ্যোগে ArCuREA নামে সাত দিনের কর্মশালার সূচনা হয়েছে আজ। এই উপলক্ষে সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউটে নির্মীয়মাণ সিনেমা তৈরি ও তার কারিগরি ব্যবস্থাপনা বিষয়ক মিউজিয়াম ঘুরে দেখেন তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অতিরিক্ত সচিব নিরজা শেখর।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের ডিরেক্টর হিমাংশু শেখর খাটুয়া,ডিন বিপিন বিজয়, পরিচালক গৌতম ঘোষ সহ অন্যান্যরা।

০০০০০০০০০০০০০০০০০

কলকাতার জিপিও-র আড়াইশো বছর পূর্তি উপলক্ষে আজ এক পদযাত্রার আয়োজন করা হয়। ডালহৌসির চত্বরে পদযাত্রা বিভিন্ন হেরিটেজ ভবন পরিক্রমা

করে। এই উপলক্ষে একটি পিকচার পোস্টকার্ডেরও উদ্বোধন করা হয়েছে। বিশিষ্ট ফুটবলার সুব্রত ভট্টাচার্য আজকের পদযাত্রায় অংশ নেন।

ooooooooooooooo

দক্ষিণবঙ্গে আগামী বুধবার পর্যন্ত বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কলকাতা ছাড়াও ঝড়বৃষ্টি হবে উত্তর ২৪ পরগণা, দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়া, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রামে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৪ ডিগ্রি কম। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় স্বাভাবিকের থেকে এক ডিগ্রি নীচে, ২৩ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া দপ্তর থেকে আরও বলা হয়েছে, আজ সারাদিনই কলকাতা সহ দক্ষিণবঙ্গের আকাশ অংশত মেঘলা থাকবে। বিক্ষিপ্তভাবে কালবৈশাখী ঝড় হতে পারে।

এদিকে, গতকাল বিভিন্ন জেলা থেকে ঝড় ও বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টির খবর পাওয়া গেছে।

পশ্চিম বর্ধমানের কয়েকটি এলাকায় শিলাবৃষ্টি হয়েছে।

পুরুলিয়ার মানবাজারের ভুড়াশোল গ্রামে একটি গোয়ালের ওপর বাজ পড়ায় তিনটি গরু ও একটি ছাগলের মৃত্যু হয়।

নদীয়া জেলার বিভিন্ন প্রান্তেও ঝড়বৃষ্টির খবর পাওয়া গেছে।

ooooooooooooooooooo

নৈহাটি স্টেডিয়ামে আজ সর্ব ভারতীয় ফুটবল ফেডারেশনের সাব জুনিয়র ফুটবলে আঞ্চলিক পর্বে মোহনবাগান ও ইস্টবেঙ্গলের মধ্যে খেলাটি 5-5 গোলে শেষ হয়েছে। মোহনবাগানের সন্দীপ কর্মকার ও দীপ সরকার দুটি করে, প্রিন্স

মৌলিক একটি গোল করেছে। ইস্টবেঙ্গলের গোলদাতা দীপক মণ্ডল, অভ্র দে, শিশির সরকার, চাঁদ ক্ষেত্রপাল । অপর গোলটি আত্মঘাতী।

oooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo